পারফর্মিং আর্টস্ হাই স্কুলসমূহ: আপনার অডিশন/আর্টস্ পোর্টফোলিও তৈরির প্রস্তুতি

নিউ ইয়র্ক সিটির যেসকল শিক্ষার্থীর শিল্পকলা বিষয়ে আগ্রহ আছে তাদের শিল্প সংক্রান্ত মেধা বিকাশের জন্য বিভিন্ন হাই স্কুল থেকে পছন্দের স্কুলটি বেছে নেয়ার সুযোগ রয়েছে। এইসব স্কুলে ভর্তি হতে, শিক্ষার্থীদের অ্যাকাডেমিক আগ্রহ প্রদর্শন ছাড়াও, আপনাকে অডিশন প্রদান এবং/অথবা পোর্টফোলিও তৈরির মাধ্যমে, শক্তিশালী শৈল্পিক দক্ষতাও অবশ্যই প্রদর্শন করতে হবে।

ভিজ্যুয়াল আর্টস্ অডিশনের জন্য কীভাবে প্রস্তুতি নেবেন

ভিজ্যুয়াল আর্টস্ কর্মসূচিতে আবেদনের সময়, আপনাকে চারটি উপায়ে আপনার নৈপুন্য এবং আগ্রহ প্রদর্শন করতে বলা হতে পারে: ইন্টারভিউয়ের মাধ্যমে, রচনার মত কোন লেখার অংশে অংশগ্রহণ করে, নতুন কোন শিল্পকর্ম তৈরি অথবা আপনার কাজের একটি পোর্টফোলিও প্রস্তুতির মাধ্যমে।

1 *ইন্টারভিউ*

স্কুলগুলো তাদের ভর্তি প্রক্রিয়ায় ইন্টারভিউ অন্তর্ভুক্ত করতে পারে। যদিও এক স্কুল থেকে অন্য স্কুলের প্রশ্নাবলি এবং প্রক্রিয়া ভিন্ন হতে পারে, তবুও মনে রাখবেন:

- ভাবভঙ্গি এবং বাহ্যিক চেহারার মূল্য আছে
- দৃষ্টিভঙ্গি গুরুত্বপূর্ণ; শিক্ষক এবং অন্য শিক্ষার্থীদের প্রতি শ্রদ্ধাশীল থাকুন
- ভিজ্যুয়াল আর্টসের প্রতি আপনার যে আগ্রহ তা প্রকাশ করুন
- আপনাকে যে প্রশ্ন করা হয় সেগুলি মনোযোগ দিয়ে শুনুন এবং সরাসরি জবাব দিন। এই প্রশ্নগুলো মধ্যে থাকতে পারে:
  - আপনি অডিশনের জন্য কেন এই স্কুলটি পছন্দ করেছেন?
  - আপনার পোর্টফোলিওতে কী অন্তর্ভুক্ত করতে হবে সে সিদ্ধান্তটি আপনি কেমন করে নিয়েছেন?
  - আপনি সম্প্রতি কোন্ মিউজিয়াম অথবা গ্যালারি দেখতে গিয়েছেন?
  - আপনি যে শিক্ষা এখানে পাবেন, তা ভবিষ্যতে কীভাবে ব্যবহারের পরিকল্পনা আপনার আছে?

ইন্টারভিউ খুব সম্ভবত কথবার্তার মাধ্যমে হবে। ভিজ্যুয়াল আর্টসে্ আপনার অতীত অবস্থা, অভিজ্ঞতা, জ্ঞান এবং আগ্রহের বিষয়ে আপনাকে প্রশ্ন করা হতে পারে।

2 *লেখার অংশ*

শিক্ষার্থীদের জন্য রচনা লেখা কোন কোন স্কুলে বধ্যতামূলক অথবা তারা এই নির্দিষ্ট স্কুলটিতে ভর্তি হতে কেন আগ্রহী সেসম্পর্কিত একগুচ্ছ প্রশ্ন জিজ্ঞেস করা হতে পারে। আপনাকে দুটি শিল্পকর্মের তুলনা করতেও বলা হতে পারে। স্কুলগুলো আপনার লেখার বিষয় ছাড়াও সাক্ষরতার স্তরও দেখবে। পরীক্ষা করা হবে একমন যেকোন লেখার জন্য আপনি যা করেন, অডিশনের জন্য আপনার লেখার অংশেও তা থাকা বাঞ্ছনীয়:

- সুন্দর সংগঠিত
- শুদ্ধ বাক্য গঠন, বানান, সঠিক যতিচিহ্নের ব্যবহার ও অনুচ্ছেদ ভাগের নিদর্শন
- প্রশ্নের জবাব

ভিজ্যুয়াল আর্টস্ পড়ায় আপনার যে প্রতিশ্রুতি এবং এই স্কুলে ভর্তি নিয়ে আপনার যে আগ্রহ তা প্রকাশের জন্য এই লেখার অংশটি একটি উপায়।

3 *অনুরোধক্রমে নতুন শিল্পকলার কাজ সম্পন্ন করার বিষয়*

কোন কোন স্কুল আপনাকে "তাৎক্ষণিকভাবে " দু' একটি শিল্পকলার কাজ করে দেখাতে বলতে পারে। সবচেয়ে সাধারণ যে শিল্পকলার কাজটি আপনাকে করতে বলা হতে পারে তা হলো একটি প্রতিকৃতি অথবা পর্যবেক্ষণ করে একটি জড় জিনিস আঁকা, আপনার স্মৃতি থেকেও কোন কিছু আঁকতে দেয়া হতে পারে। সাধারণত ৮.৫ " x ১১ " কাগজে কাজটি করতে হয়। সংগে একটি ড্রয়িং পেন্সিল এবং ইরেজার আনবেন।

অডিশনে যে মাপকাঠি আছে সেই অনুযায়ী পরীক্ষকগণ শিক্ষার্থীর কল্পনাশক্তি এবং সৃজনশীলতার দিকে নজর দেবেন।

পারফর্মিং আর্টস্ হাই স্কুলসমূহ: আপনার অডিশন/আর্টস্ পোর্টফোলিও তৈরির প্রস্তুতি

4 *পোর্টফোলিও*

ভিজ্যুয়াল আর্টসের পোর্টফোলিও তৈরি ভিজ্যুয়াল আর্টস্ অডিশনের একটি গুরুত্বপূর্ণ অংশ। একটি সুন্দর পরিকল্পিত পোর্টফোলিও হাই স্কুল-স্তরের কাজের একটি শক্তিশালী এবং সম্ভবনাময় দিক প্রদর্শন করে। আপনার সর্বশ্রেষ্ঠ প্রচেষ্টা প্রদর্শনের এটি একটি সুযোগ। এই শর্তসমূহ পূরণে স্কুলগুলোর মধ্যে সামান্য ব্যতিক্রম হতে পারে। নিচে নির্দেশিত উপায়গুলো অনুসরণ করে আপনি একটি প্রতিযোগিতামূলক পোর্টফোলিও তৈরি করতে পারেন।

উপস্থাপনা আপনি আপনার কাজ সংরক্ষণ করতে পারেন এবং একটি শক্ত, উঁচু মানের পোর্টফোলিও কেস ব্যবহার করে আপনার কাজটিকে দৃষ্টিগ্রাহ্য বানাতে পারেন। আকর্ষণীয় এবং নিঁখুত উপস্থাপনা অত্যন্ত গুরুত্বপূর্ণ। এতে পর্যবেক্ষণ কমিটির কাছে প্রমাণিত হয় যে, আপনি আপনার কাজের যত্ন নিয়েছেন এবং আপনি আপনার কাজে গর্বিত।

আপনার কাজগুলি হবে:

- পরিচ্ছন্ন, নিখুঁত, এবং সুন্দর
- বাঁধানো নয়
- উল্টোদিকের লেবেলে থাকবে:
  - ✓ আপনার নাম
  - ✓ স্কুলের নাম
  - ✓ টাইটেল
  - ✓ তৈরির তারিখ
  - ✓ হয় কারো "তত্ত্বাবধানে" অথবা "তত্ত্বধান ছাড়া"

নম্বর এবং শিল্পকর্মের ধরন এটি স্কুল থেকে স্কুলে ভিন্ন, কিছু কর্মসূচি ছয়টি কাজ চায় এবং অন্যেরা ১০-২০টিও চাইতে পারে। কিছু স্কুল *শুধু* দ্বি-মাত্রিক (টু-ডিমেনশনাল) কাজ চাইতে পারে এবং অন্য স্কুলগুলো ত্রি-মাত্রিক ছবির কাজ অন্তর্ভুক্তকরণের অনুমোদন দিতে পারে। আপনি যখন থ্রি-ডিমেনশনাল কাজের স্লাইড জমা দেন, উপস্থাপিত কাজের স্লিভে লেবেলযুক্ত স্লাইডও জমা দেবেন।

বিষয় আপনি যখন আপনার পোর্টফোলিও সাজান, যে কাজগুলো আপনার প্রচেষ্টাকে সবচেয়ে বেশি ভালোভাবে প্রদর্শন করে বলে আপনি মনে করেন সেগুলি যত্নসহবকারে পোর্টফোলিওতে উপস্থাপন করুন। ("কমই বেশি" একটি চমৎকার গাইডলাইন!) নিম্নোল্লিখিত বিষয়গুলো বিবেচনায় নিন:

- সম্প্রতিক করা শিল্পকর্মটি বেছে নিন (৭ অথবা ৮ গ্রেডে করা কাজটি)
- কোন কোন স্কুল স্কেচবুক এবং প্রিলিমিনারি ড্রয়িং দেখতে পছন্দ করে
- বিখ্যাত কোন শিল্পীর স্টাইল অনুসরণ করা কোন শিল্পকর্ম অথবা কপি (যেমন ছবি থেকে কপি করা কোন কাজ) পোর্টফোলিওতে অন্তর্ভুক্ত করবেন না
- বেশির ভাগ কাজ নিজস্ব পর্যবেক্ষণ থেকে হওয়া উচিত কিন্তুকল্পনা অথবা স্মৃতি থেকে করা কিছু কাজও আপনি অন্তর্ভুক্ত করতে পারেন
- কার্টুনের কাজ যতটা সম্ভব কম থাকবে অথবা একেবারে না থাকাই ভালো
- আপনি যেসকল শিল্পকর্ম বাছাই করবেন সেগুলো যেন আপনার কম্পোজিশন এবং ডিজাইনের সূত্রগুলোর ধারণা স্পষ্টভাবে প্রদর্শন করে:

✓ সমতা	✓ বৈচিত্র	✓ ছন্দ
✓ ভারসাম্য	✓ গুরুত্ব	✓ প্রতিকৃতি-ব্যাকগ্রাউন্ডের সম্পর্ক
✓ পুনরাবৃত্তি	✓ অনুপাত	✓ স্কেল

- একটি ধারণার গভীর পর্যালোচনা প্রদর্শিত হয় এমন থিমেটিক শিল্পকর্ম আপনাকে নির্বাচন করতে হবে ***অথবা*** আপনি বিচিত্র বিষয়ের শিল্পকর্ম অন্তর্ভুক্ত করতে পারেন যা আপনার আগ্রহের পরিধির ব্যাপ্তি ঘটায়
- বিভিন্ন উপকরণ, সামগ্রী, এবং টেকনিকের দক্ষতা প্রদর্শন করে আপনি বিচিত্র মিডিয়ার (যেমন ড্রয়িং, পেইন্টিং, প্রিন্টিংয়ের কাজ, মিডিয়া টেকনোলজি ইত্যাদি) ব্যবহার সমৃদ্ধ শিল্পকর্মও প্রস্তুত করতে পারেন
- হাই স্কুল নির্দেশিকায় এবং স্কুলের ওয়েবসাইটে আপনি যেসব স্কুলে আবেদন করতে আগ্রহী সেই স্কুলগুলোর পোর্টফোলিও শর্তগুলো পর্যালোচনা করুন।

আরও তথ্যেও জন্য, (718) 935-2399 নম্বরে ফোন করুন অথবা আমাদের ওয়েবসাইট
www.nyc.gov/schools/ChoicesEnrollment/High দেখুন।

NYC Department of Education
Dennis M. Walcott, Chancellor

ড্রামা/থিয়েটার অডিশনের জন্য কীভাবে প্রস্তুত হতে হবে

শর্তসমূহ: বিভিন্ন স্কুলের বিভিন্ন শর্ত আছে – নির্দিষ্ট শর্তের জন্য আপনার হাই স্কুল নির্দেশিকা দেখুন। সাধারণত, শিক্ষার্থীদের নিচের যেকোন একটি শর্ত পূরণ করতে হতে পারে:

- *দুটি মোনোলগ আবৃত্তি করুন।* দুটি মোনোলগের স্টাইল ভিন্ন হবে, যেমন একটি কমিক ধর্মী এবং অন্যটি ড্রামাটিক, নিচের শর্ত পূরণ করুন:
    - সকল মোনোলগ প্রকাশিত হতে হবে। শিক্ষার্থীর মৌলিক লেখা অথবা ইন্টারনেট থেকে নেয়া মোনোলগ উপযুক্ত বিবেচিত হবে না।
    - সকল মোনোলগ ১–২ মিনিটের হবে।
    - মোনোলগের চরিত্রগুলো বয়সোপযুক্ত হতে হবে।
    - সাধারণত, ক্ল্যাসিক্যাল থিয়েটার অথবা কবিতা যেমন শেক্সপিয়ারের কোন রচনা নিরুৎসাহিত করা হয় যদি না শিক্ষার্থীর দুরূহ ভাষায় সত্যিকার সাবলীলতা থাকে।
- *থিয়েটারের খেলায় অংশগ্রহণ অথবা তাৎক্ষণিকভাবে পারফরম্* করুন যাতে শিক্ষার্থীগণ যে গ্রুপে কাজ করতে সক্ষম এবং স্বতঃস্ফূর্তভাবে সৃজনশীল সে বিষয়টি যারা অডিশন নেবেন তাদের কাছে প্রমাণিত হয়।
- *মৌখিকভাবে প্রশ্নের উত্তর* দিন কেন আপনি থিয়েটার কর্মসূচিতে যেতে চান তার কারণ ব্যাখ্যা করে এবং কেন এই নির্দিষ্ট স্কুলটিতে। যারা অডিশন নেবেন তারা জানতে চাইবে যে, শিক্ষার্থীরা এই নির্দিষ্ট স্কুলের প্রতি আগ্রহী এবং থিয়েটার কর্মসূচির চাহিদা কী।
- *ব্রডওয়ে শো থেকে একটি মিউজিক্যাল অংশ গেয়ে শোনান* (শুধু যেসকল শিক্ষার্থী মিউজিক্যাল থিয়েটার কর্মসূচিতে আবেদন করবে)। মিউজিক্যাল থিয়েটার অডিশনের শর্ত সম্পর্কে জানতে স্কুলগুলোতে আলাদাভাবে খোঁজ নিন।

নোট: দ্বিতীয় বার মোনোলগ উপস্থাপন করতে স্কুলগুলো শিক্ষার্থীদেরকে আবার ডাকতে পারে। সাধারণত, "কল ব্যাক" অডিশনের জন্য বাড়তি কোন প্রস্তুতির প্রয়োজন নাই।

মোনোলগের মাপকাঠি: নির্দিষ্ট যে মাপকাঠির ভিত্তিতে শিক্ষার্থীদের মূল্যায়ন করা হয় সেটি স্কুল থেকে স্কুলে ভিন্ন। তথাপি, অডিশন যারা নেন তারা নিচে উল্লিখিত বৈশিষ্ট্যগুলো দেখতে পারেন:

- ✓ ড্রামা বোঝার ক্ষমতা
- ✓ চরিত্র সম্পর্কে ধারণা
- ✓ শব্দ নির্বাচন
- ✓ সাবলীল প্রকাশ
- ✓ কস্টিউম অথবা আসবাবহীনভাবে

মোনোলগ প্রস্তুতি অডিশনের জন্য যেসকল মোনোলগ ব্যবহৃত হয় তা প্রিন্ট এবং প্রকাশনার বিভিন্ন সূত্র থেকে পাওয়া যায়। অনুগ্রহ করে নিচের পরামর্শগুলো বিবেচনা করুন:

- আপনি একটি স্বাধীন মোনোলগ অথবা সরাসরি কোন নাটক থেকে নেয়া মোনোলগ বেছে নিতে পারেন যা আপনার উদ্দেশ্য সাধনে সম্পাদনা করা হয়েছে। আপনি যদি কোন নাটক থেকে মোনোলগ নির্বাচন করেন, অনুগ্রহ করে যেখান থেকে মোনোলগটি নেয়া হয়েছে সেই পুরো নাটকটি সম্পর্কে জানুন। আপনার নাটকটি পড়া উচিত এবং যে চরিত্রটি আপনি করছেন সেটির সাথে পরিচিত হোন।
- বিবেচনার জন্য নিচে কিছু মোনোলগের বইয়ের তালিকা দেয়া হলো। এই বইগুলি সবসময় অনলাইনে অথবা 250 W 40th St., New York, NY 10018 ঠিকানায় ড্রামা বুকশপে,ফোন নম্বর: (212) 944-0595–এ পাওয়া যাবে, লিংকন সেন্টারের পারফরমিং আর্টস্ লাইব্রেরিও মোনোলগ বইয়ের একটি ভালো সংগ্রহ।
    - *অডিশন মোনোলগ ফর স্টুডেন্ট অ্যাক্টরস্: সিলেকশনস্ ফ্রম কনটেমপোরারি প্লেজ বাই রজার এলিস*
    - *রেড লাইকোরাইস: মোনোলগস্ ফর ইয়াং পিপল্ বাই ক্যারোল টিপিট*
    - *মোনোলগ ফর ইয়াং অ্যাক্টরস্ বাই লরেন কোহেন*
    - *100 গ্রেট মোনোলগস্: অ্যা ভার্সেটাইল কালেকশন অব মোনোলগস্, ডুলগস্ অ্যান্ড ট্রিলগস্ ফর স্টুডেন্ট অ্যাক্টরস্ বাই রেবেকা ইয়াং*
    - *মাল্টিপ্লিসিটি: অ্যা কলেকশন অব মোনোলগস্ ফর স্টুডেন্ট পারফরমেন্স বাই জেমস্ স্কট অ্যান্ড বিয়ানকা কোয়্যান*
- উপরে উল্লিখিত মান অর্জনের জন্য শিক্ষার্থীদের মোনোলগ উপস্থাপনা বিষয়ে প্রশিক্ষণ দেয়া উচিত। স্কুলে আপনার যদি থিয়েটার বিষয়ের শিক্ষক থাকে, আপনার উপস্থাপনার ব্যাপারে তাকে সহায়তা করতে বলুন। একজন ইংরেজির শিক্ষকও আপনার সহয়তা করতে পারে।
- অডিশনের সময়, শিক্ষার্থীদের তাদের নাম, মোনোলগ নির্বাচন, এবং নাট্যকার সম্পর্কে ঘোষণা দিতে প্রস্তুত থাকতে হবে। যেমন: "আমার নাম ____________________ । আমি ফ্র্যান্সিক গুডরিচ এবং অ্যালবার্ট হ্যাকেটের *দ্যা ডায়েরি অব অ্যান ফ্র্যাঙ্ক* থেকে অ্যানের মোনোলগটি আবৃত্তি করছি।"

Department of Education
Dennis M. Walcott, Chancellor

পারফর্মিং আর্টস্ হাই স্কুলসমূহ: আপনার অডিশন/আর্টস্ পোর্টফোলিও তৈরির প্রস্তুতি

মিউজিক অডিশনের জন্য কীভাবে প্রস্তুত হতে হবে

আপনার অডিশন সম্ভার নির্বাচন এবং সেগুলো প্রাকটিস করা

- অডিশনের বেশ আগে থেকেই অডিশন সম্ভার নির্ধারণ করুন
- এমন মিউজিক বেছে নিন যা বিশেষভাবে আপনার একক যন্ত্র অথবা কণ্ঠের জন্য লেখা হয়েছে (অন্য যন্ত্র অথবা কণ্ঠের সাথে আপনার যন্ত্র অথবা কণ্ঠ সংগত হয় এমন মিউজিক নয়)
- এমন মিউজিক বেছে নিন যা আপনার শক্তিশালী দিকগুলো প্রকাশের সুযোগ দেবে। কোন কঠিন মিউজিক যা ভালোভালে বাজালে বা গাইলে আপনার দক্ষতার প্রকাশ পাবে তেমনটিও করতে পারেন। তবুও, একটি সহজ মিউজিক শক্তিশালী মিউজিকের দক্ষতা এবং সুন্দর সুরসহ বাজালে অথবা গাইলেও আকর্ষণীয় হতে পারে
- মনে রাখবেন ধীর, গীতিধমী মিউজিকগুলো সুন্দর করে বাজানো বা গাওয়া কঠিন। প্রাকটিসের সময়, ধীর, ভাবব্যঞ্জক অংশগুলো যত্নসহকারে বাজাবেন বা গাইবেন যেমনটি করেন আপ-টেম্পো, টেকনিক্যালি চ্যালেঞ্জপুর্ণ মিউজিকের বেলায়।
- সুর এবং লয় নিয়ে সহায়তাল লাভের জন্য আপনার প্রাকটিসের প্রথম স্তরগুলোর সময় সুর বাঁধা জন্য টিউনার এবং মেট্রোনোম ব্যবহার করুন
- প্রতিদিন চর্চা করুন
- গায়কদের স্মৃতি থেকে ন্যুনতম দুটি বিপরীত স্টাইটের মিউজিক প্রস্তুত করা উচিত। সম্ভব হলে, একটি বিদেশী ভাষার গান বেছে নিতে পারেন। বর্তমান অথবা অতীতের প্রযোজিত মিউজিক থেকে কোন একটি বেছে নিন, সেটি আমেরিকান এবং বিশ্ব লোকগীতির ঐতিহ্যের অথবা শিল্প সংগ্রহের গানও হতে পারে। অনুগ্রহ করে জেনে রাখুন অনেক স্কুলে অডিশনের জন্য আর অ্যান্ড বি, রক, এবং র‍্যাপ গান নিষিদ্ধ
- যন্ত্রীগণ তাদের স্মৃতি থেকে আবশ্যকীয় স্কেলটি মনে রাখবেন। যদিও, আপনার তৈরি অডিশন সম্ভার গাইবার সময় শিট মিউজিক ব্যবহার গ্রহণযোগ্য
- আপনার দুর্বল দিকগুলো পৃথক রাখুন এবং প্র্যাকটিস করুন। আপনার দক্ষতা বৃদ্ধির জন্য সময় ব্যয় করুন যাতে আপনার গানের সকল অংশ সমান যোগ্যতার সাথে গাইতে পারেন
- শ্রোতাদের সামনে আপনার অডিশন সামগ্রী প্র্যাকটিস করুন। তাদেরকে আপনার পারফরমেন্সের সমালোনা করতে উৎসাহিত করুন এবং আপনার সামগ্রিক উপস্থাপনাটি কেমন হয়েছে জেনে নিন

যন্ত্রসঙ্গীতের অডিশন

- কমপক্ষে একটি সঙ্গীত বেছে নিন যা শেষ পর্যন্ত বাজাতে পারেন। যদি সম্ভব হয়, বিপরীত স্টাইল অথবা টেম্পোর দ্বিতীয় একটি সঙ্গীতও তৈরি করুন। যদিও, দ্বিতীয় সঙ্গীতটি আপনাকে বাজাতে নাও বলা হতে পারে
- কোন মিউজিকের একটি সংক্ষিপ্ত অংশ চর্চা করুন (৪-৮ মাত্রার)
- ন্যূনতম একটি স্কেলে বাজানোর জন্য প্রস্তুত থাকুন

কণ্ঠ সঙ্গীতের অডিশন

- মুখস্থ করা বিপরীত ধমী কমপক্ষে দুটি স্টাইলের সঙ্গীত প্রস্তুত করুন
- অডিশনার প্রদত্ত দুটি সুর এবং লয়ের প্রতিধ্বনি করে শোনান
- কোন মিউজিকের একটি সংক্ষিপ্ত অংশ চর্চা করুন (৪-৮ মাত্রার)
- আপনার কণ্ঠের বিস্তার এবং স্থিরতা প্রদর্শন করতে সঙ্গীত (আরপেজিওস, লিপস্, রানস্)প্রস্তুত করুন

আপনার সঙ্গীত সামগ্রী বাছাইয়ের সুযোগ সুবিধাদি

- আপনার মিউজিকের সম্ভারের খোঁজ জানতে আপনার মিউজিকের শিক্ষককে জিজ্ঞেস করুন
- নিউ ইয়র্ক স্টেটের স্কুল মিউজিক অ্যাসোসিয়েশনের ম্যানুয়্যাল, সংস্করণ ২৮। শিক্ষক এবং সঙ্গীতের কন্ডাক্টরদের জন্য এটি একটি পেশাদারী সংগ্রহ, সকল ধরনের কণ্ঠ এবং যন্ত্রের জন্য গ্রেড অনুযায়ী সঙ্গীত সম্ভারের তালিকা এখানে দেয়া আছে। এটি কিছু লাইব্রেরিতে পাওয়া যায় অথবা www.nyssma.org ঠিকানায় ৪৭-৫৫ ডলার মুল্যে কেনা যেতে পারে
- আপনার সঙ্গীত সম্ভারের জন্য নিচে উল্লিখিত দোকানগুলোর একটি থেকে শিট মিউজিক কিনতে পারেন:
  - কলোনি মিউজিক স্টোর
  - স্যাম অ্যাশ মিউজিক স্টোরস্
  - প্যাটেলসনস্ মিউজির স্টোর
  - গিটার সেন্টার স্টোরস্
  - জে ডব্লু পেপার মিউজিক (অনলাইন)
  - ক্যাটালানো মিউজিক (লং আইল্যান্ড)
  - মিউজিক টাইম (অনলাইন)

আডশন সম্পার্কত পরামর্শ

- ✓ ভুল হলেও অডিশন অব্যাহত রাখুন। ঘাবড়ে যাবেন না। আপনার সম্ভাবনা কতটুকু অডিশনার সেটি বুঝতেই সবচেয়ে আগ্রহী।
- ✓ আপনি সঙ্গীতের অংশটি যেভাবে বাজাচ্ছেন বা গাইছেন তা যদি অডিশনার পরিবর্তন করতে বলে, তার মানে এই নয় যে, আপনি ভুল বাজাচ্ছিলেন বা গাইছিলেন। অডিশনার দেখতে চাইতে পারে আপনি তাকে কতটা সহজে বোঝেন অথবা নিজেকে শুধরে নিতে পারেন।
- ✓ প্রথম ধারণা অত্যন্ত গুরুত্বপুর্ণ: যতটা ভালোভাবে সম্ভব ড্রেস করুন। খেলাধুলার পোশাক পরা ঠিক নয়।

আরও তথ্যেও জন্য, (718) 935-2399 নম্বরে ফোন করুন অথবা আমাদের ওয়েবসাইট www.nyc.gov/schools/ChoicesEnrollment/High দেখুন।

NYC Department of Education
Dennis M. Walcott, Chancellor

পারফর্মিং আর্টস্ হাই স্কুলসমূহ: আপনার অডিশন/আর্টস্ পোর্টফোলিও তৈরির প্রস্তুতি

নাচের অডিশনের জন্য কীভাবে প্রস্তুতি নিতে হবে

শর্তসমূহ: বিভিন্ন স্কুলের অডিশনের শর্ত বিভিন্ন ধরনের – নির্দিষ্ট শর্তের জন্য আপনার হাই স্কুল নির্দেশিকা দেখে নিন। সাধারণত, শিক্ষার্থীদের নিচের যেকোন একটি করতে হতে পারে:

- *নাচের ক্লাসে অংশগ্রহণ।* নাচের ক্লাসগুলোতে সাধারণত ব্যালে এবং আধুনিক নাচের টেকনিকের সমন্বয় ঘটে, যদিও কিছু স্কুল প্রত্যেক স্টাইলের জন্য পৃথক ক্লাসের ব্যবস্থা করতে পারে। কিছু স্কুল অন্য ধরনের নাচ যেমন জ্যাজ অথবা ইমপ্রোভাইজেশন তাদের ক্লাসগুলোতে রাখতে পারে।
- *একটি একক নাচ করুন।*
  - একক নৃত্যে শিক্ষার্থী তার সর্বশ্রেষ্ঠ নাচ এবং নাচের পারদর্শিতা দেখাতে পারে।
  - মৌলিক নৃত্যকলার একক একটি নাচ শিক্ষার্থীদের প্রস্তুত করা উচিত, যদিও কিছু স্কুল শিক্ষার্থী ভিন্ন অন্য কারো কোরিওগ্রাফও গ্রহণ করে।
  - একক নৃত্যটি ব্যালে অথবা আধুনিক নাচ ছাড়া অন্য কোন স্টাইলের (যেমন জ্যাজ, আফ্রিকান, অথবা ইন্ডিয়ান ক্ল্যাসিক্যাল নাচ) হতে পারে যদি তা শিক্ষার্থীর প্রাথমিক ট্রেনিং হয়।
  - স্কুলের শর্ত থাকতে পারে একক নাচটি ১ থেকে ৩ মিনিটের হবে।
  - কোন কোন স্কুলে, সকল শিক্ষার্থীর তাদের একক নৃত্যটি উপস্থাপন করার সুযোগ থাকে। অন্য স্কুলে, টেকনিক ক্লাসের পরে শুধুমাত্র যেসকল শিক্ষার্থীকে পুনরায় ডাকা হয়, তারা একক নৃত্য করতে পারে।
- *একটি লিখিত অডিশন সম্পন্নকরণ।* কিছু স্কুলে, শিক্ষার্থী কেন এই স্কুলে ভর্তি হতে আগ্রহী সেবিষয়ের উপর একটি রচনা লিখতে বলা হয় অথবা নাচ সম্পর্কে তার জ্ঞান কতটুকু তা নির্ধারণ করতে একটি পরীক্ষা নেয়া হয়।

নাচের মাপকাঠি: যে নির্দিষ্ট উপায়ে শিক্ষার্থীদের মুল্যায়ন করা হয় তা স্কুল থেকে স্কুলে ভিন্ন। তবুও, নিচের মাপকাঠিগুলো মনে রাখবেন:

- ধীর-স্থিরতা এবং চেহারা, যা ছিমছাম ভাব এবং মনোযোগের মাধ্যমে বোঝা যায়
- মনোভাব: যথাযথ ক্লাসরুমের আচরণ, শিক্ষক এবং সতীর্থদের প্রতি শ্রদ্ধাবোধ, নৃত্যের প্রতি আগ্রহ প্রদর্শন, এবং শেখার আকাঙ্খা
- টেকনিক্যাল যোগ্যতা: নাচের টেকনিকে প্রদর্শিত অর্জন এবং নতুন অঙ্গাভঙ্গি রপ্ত করার ক্ষমতা, মৌখিক এবং দেখিয়ে দেয়া ভুলগুলো শুদ্ধ করার দক্ষতা, এবং নিজস্ব কাজটি তাৎক্ষণিকভাবে সংশোধন করা
- দৈহিক সমন্বয়: শরীরের অঙ্গাপ্রত্যঙ্গের সম্পর্কের মৌলিক ধারণা
- সঙ্গীত সম্পর্কিত ধারণা এবং ছন্দ
- তাৎক্ষণিক করা কোন নাচের অংশ এবং শিক্ষার্থীর একক কোরিওগ্রাফিতে তার সৃজনশীলতা
- পারফরমেন্স দক্ষতা: দর্শকদের সাথে ভাব বিনিময়ের যোগ্যতা
- অঙ্গাভঙ্গি এবং মৌখক অথবা লেখার মাধ্যমে প্রদর্শিত নাচ সম্পর্কে সাধারণ ধারণা

পোশাক: ব্যালে এবং আধুনিক নাচের জন্য শিক্ষার্থীগণ যথাযথ নাচের পোশাক পরে আসবে: পায়ের তলা ছাড়া টাইটস্, লিওটার্ড, নরম ব্যালে স্লিপার্স (নির্দিষ্ট কোন অনুরোধ না থাকলে কোন চোখা জুতা নয়)। অন্য সুপারিশসমূহ:

- এক রঙের পোশাক পরুন – কোন ফ্যান্সি অ্যাপলিক অথবা প্যাটার্ন নয়।
- বুক ও পেটের মধ্যাংশ দেখা যায় এমন কোন পোশাক নয়।
- ব্যাগি শার্ট অথবা ব্যাগি প্যান্ট পরা যাবে না।
- চুল লম্বা হলে সুন্দরভাবে মুখ থেকে সরিয়ে বান অথবা পনি টেইল করে বাঁধা থাকবে আর চুল ছোট হলে সুন্দর করে আঁচরানো থাকবে। এই নিয়ম ছেলে মেয়ে উভয়ের বেলাই প্রযোজ্য।

আপনার অডিশনে আনতে ভুলবেন না

- ✓ আপনার অডিশন টিকেট
- ✓ আপনার নাচের পোশাক এবং জুতা
- ✓ একটি কলম/পেন্সিল
- ✓ একক পারফরমেন্সের জন্য আপনার টেপ অথবা সিডি
- ✓ হালকা স্ন্যাকস্

T&I-16519 (Bengali)

আরও তথ্যেও জন্য, (718) 935-2399 নম্বরে ফোন করুন অথবা আমাদের ওয়েবসাইট www.nyc.gov/schools/ChoicesEnrollment/High দেখুন।

NYC Department of Education
Dennis M. Walcott, Chancellor